



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নিরাপত্তা কর্মীদের জন্য আইকিউএসি'র কর্মশালা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৬ মে ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি এ্যাসিওরেন্স সেলে (আইকিউএসি) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিরাপত্তা কর্মীদের ভূমিকা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল নয়টায় আইকিউএসি'র কনফারেন্স কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিরাপত্তা কর্মীদের ভূমিকা শীর্ষক কর্মশালা রাখার সুযোগ রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, এই কর্মশালা থেকে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মীগণ নতুন ধারণা লাভ করবেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্য দেন আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান।

কর্মশালায় উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, রেজিস্ট্রার মো. আবু হাসান প্রমুখ। কর্মশালার টেকনিক্যাল সেশনে বক্তব্য দেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের লোক-প্রশাসন বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ ছায়েদুর রহমান, সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ শাহজামান (পিপিএম), আগুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এ এফ এম সায়েম প্রমুখ।

মোহাম্মদ মহিউর্রহিম, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)